



তাগিদ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
শাখা- ১০ (পিআইইউ)
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৩৫.০১.০০৩.২৬- ০৭

তারিখ: ০৫ জুন, ২০২৬ খ্রি.

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী এর ২০১২-২০১৪ অর্থবছর হতে ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত SFI (গুরুতর আর্থিক অনিয়ম) ও Non-SFI (সাধারণ আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তির ব্রডশিট জবাব পুনরায় প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ অর্থবছরের ১টি (অনু- ০৫) SFI এবং ১টি (অনু- ৩০) Non-SFI সহ মোট ০২টি অডিট আপত্তির ব্রডশিট জবাব অদ্যাবধি পাওয়া যায়নি। এছাড়াও ২০১২-২০১৪ অর্থবছরের ১টি (অনু- ০৯), ২০১৪-২০১৫ অর্থবছরের ১টি (অনু- ০৯) এবং ২০১৫-২০১৬ অর্থবছরের ১টি (অনু- ০৭) Non-SFI অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। প্রতিষ্ঠানের আর্থিক খাতে শৃঙ্খলা বিধান এবং সরকারি অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের স্বার্থে যথাসময়ে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণের প্রয়োজনীয়তা রয়েছে। উক্ত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করার লক্ষ্যে AIR এর সুপারিশ অনুযায়ী এবং শিক্ষা অডিট অধিদপ্তরের মন্তব্যের আলোকে নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তিমূলক ব্রডশিট জবাব প্রস্তুত করে অত্র অধিদপ্তরে প্রেরণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, উক্ত ০১টি SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব তিন সেট এবং ০৪টি Non-SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব দুই সেট আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

R. D.
05/06/24

ড. রেজা হাসান মাহমুদ
সহকারী পরিচালক (অডিট ও আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ০৪। সংশ্লিষ্ট নথি।